গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd

তাগিদপত্র
অতীব জরুরি
ইমেইলযোগে প্রেরিত

পত্র নং : ৩৩.০২.০০০০.১১০.৪৬.০০৯.০৭(২য় খন্ড)/ ১৭০ তারিখঃ- ২১ /০৩/২০০৭ খ্রি.

বিষয়ঃ অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১। মৎস্য অধিদপ্তরের পত্র নং- ৩৩.০২.০০০০.১১০.৪৬.০০৯.০৭(২য় খন্ড)-৬৬৫ (১২৫), তারিখঃ ০৬/১২/২০১৫ খ্রি.।
২। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং- ৩৩.০০.০০০০.১১০.০৬.০০১.৯৯-১১৭, তারিখঃ ০২/০৩/২০১৭ খ্রি.।

উল্লিখিত বিষয়ে বিভিন্ন সময়ে প্রাপ্ত মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা অনুযায়ী ও সূত্রোস্থ পত্রসমূহের মাধ্যমে মৎস্য অধিদপ্তরাধীন বিভিন্ন দপ্তরসহ সমাপ্ত ও চলমান প্রকল্পের সূচনালগ্ন হতে অথবা ১৯৭২ সাল হতে বিভিন্ন সময়ে বিভিন্ন অডিট অধিদপ্তরের নিরীক্ষা প্রতিবেদনে উল্লিখিত অগ্রিম অনুচ্ছেদ প্রমাণকসহ ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র প্রেরণের অনুরোধের পরও কিছু সংখ্যক দপ্তর হতে কার্যপত্র পাওয়া গেছে। কিন্তু যে সমস্ত দপ্তর হতে কার্যপত্র পাওয়া গেছে সেগুলো দ্বি-পক্ষীয় না ত্রি-পক্ষীয় তা সুনির্দিষ্টভাবে উল্লেখ নেই। কিছু কিছু ক্ষেত্রে প্রাপ্ত কার্যপত্রের শিরোনামে একই কার্যপত্রে দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভার কার্যপত্র উল্লেখ করে প্রেরণ করা হয়েছে। এতে সাধারণ ও অগ্রিম অনুচ্ছেদের কার্যপত্র বাছাই করতে বিব্রতকর অবস্থায় পড়তে হয়েছে। এসব কার্যপত্র সভায় উপস্থাপন করার ফলে সভার কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করা যাচ্ছে না। এতে করে মৎস্য অধিদপ্তরের ভাবমূর্তিও ক্ষুণ্ন হচ্ছে। এখনও বিভিন্ন অডিট অধিদপ্তরের উত্থাপিত ৪ হাজারের অধিক অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। সুতরাং অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির জন্য জরুরিভিত্তিতে ত্রি-পক্ষীয় (অগ্রিম) সভার নিষ্পত্তিযোগ্য কার্যপত্র আবশ্যক।

ত্রি-পক্ষীয় (অগ্রিম) সভার কার্যপত্র প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা মেনে চলার জন্য অনুরোধ করা হলো:

১। যেসব আপত্তি এক বা একাধিক বার ব্রডশিট জবাব প্রেরণ করার পরও নিষ্পত্তি হয় নাই সেসব আপত্তির কার্যপত্র নিম্নের ৩-৭ নং শর্তানুযায়ী প্রেরণ করতে হবে ।
২। যেসব আপত্তির ব্রডশিট জবাব কখনও প্রেরণ করা হয়নি সেসব আপত্তির ক্ষেত্রে ব্রডশিট জবাব ও কার্যপত্র উভয়ই প্রেরণ করতে হবে ।
৩। কার্যপত্র প্রেরণের ক্ষেত্রে নিষ্পত্তি যোগ্য সত্যায়িত সুস্পষ্ট প্রমাণকসহ অগ্রিম অনুচ্ছেদের জন্য ত্রি-পক্ষীয় সভার ০৫(পাঁচ) প্রস্থ কার্যপত্র প্রেরণ করতে হবে।
৪। কার্যপত্রে ও প্রমাণকে সংযুক্তি নম্বর উল্লেখ করতে হবে এবং সংযুক্তির জন্য পতাকা ব্যবহার করতে হবে।
৫। ব্রডশিট ও কার্যপত্রে সংযুক্ত প্রমাণক অবশ্যই সত্যায়িত হতে হবে ।
৬। কার্যপত্রের শিরোনামে অডিট অধিদপ্তর, আপত্তির সন ও ত্রিপক্ষীয় সভার কার্যপত্র অবশ্যই উল্লেখ করতে হবে।
৭। প্রস্তাব প্রেরণের পূর্বে আবশ্যিকভাবে আপত্তিটি অগ্রিম কিনা তা নিশ্চিত হতে হবে। প্রয়োজনে এক্ষেত্রে নিরীক্ষা অফিসে যোগাযোগ করে আপত্তিটি অগ্রিম কিনা তা নিশ্চিত হতে হবে। ।

এমতাবস্থায়, মন্ত্রণালয়ের ২ নং সূত্রোক্তপত্রের নির্দেশনার আলোকে স্বীয় দপ্তরসহ অধীনস্থ দপ্তরসমূহের বিভিন্ন অডিট অধিদপ্তরের নিরীক্ষা প্রতিবেদনে উল্লিখিত অনিষ্পন্ন অগ্রিম অনুচ্ছেদ নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র আগামী ০২/০৪/২০১৭ খ্রি. তারিখের মধ্যে বিশেষ বাহক মারফত অত্র দপ্তরে পৌঁছানোর জন্য পুনরায় অনুরোধ করা হলো। ত্রি-পক্ষীয় সভার কার্যপত্রের সফট কপি (নিকস ফন্ট এ ওয়ার্ড ফাইল) এবং প্রমাণকসহ জবাবের স্ক্যান কপি adauditdof@gmail.com এবং adaudit@fisheries.gov.bd ঠিকানায় প্রেরণ করে সহকারী পরিচালক (অডিট), ফোন নং ০২ ৯৫৭১৬৯৮ এ প্রাপ্তি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।

উক্ত সময়ের মধ্যে ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র প্রেরণ করা না হলে পরবর্তীতে এ ধরণের কোন অনিষ্পন্ন অডিট আপত্তি পাওয়া গেলে তার দায়-দায়িত্ব বর্তমানে কর্মরত কর্মকর্তাকেই বহন করতে হবে।

২১/৩/১৭
(সৈয়দ আরিফ আজাদ)
মহাপরিচালক (অতি. দায়িত্ব )
ফোন- ০২-৯৫৬২৮৬১
ই-মেইল-dg@fisheries.gov.bd

কার্যার্থেঃ

১। পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমি, ডাকঘর- পি.এ.টি.সি., সাভার, ঢাকা ।
২। পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, সিজিও ভবন, চট্টগ্রাম।
৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য জরিপ ও ব্যবস্থাপনা ইউনিট,আগ্রাবাদ, চট্টগ্রাম।
৪। পরিচালক/প্রকল্প পরিচালক, বাঁওড় মৎস্য উন্নয়ন প্রকল্প (রাজস্ব), আরবপুর, যশোর। স্বীয় দপ্তরসহ অধীনস্থ বাওড় ব্যবস্থাপক ও প্রশিক্ষণ কর্মকর্তার দপ্তরসমূহকে বিষয়টি জরুরি ভিত্তিতে অবহিত করে পত্রের নির্দেশনা অনুযায়ী স্বীয় দপ্তরসহ অধীনস্থ দপ্তরের অগ্রিম আপত্তি নিষ্পত্তির জন্য ত্রিপক্ষীয় সভার কার্যপত্র সংগ্রহ করে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।
৫। অধ্যক্ষ, মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর ।
৬। উপ-পরিচালক,বিভাগীয় মৎস্য দপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা/ বরিশাল বিভাগ, বরিশাল/ সিলেট বিভাগ, সিলেট/ রংপুর বিভাগ, রংপুর। স্বীয় দপ্তরসহ অধীনস্থ বাঁওড় ব্যবস্থাপক ও প্রশিক্ষণ কর্মকর্তার দপ্তরসমূহকে বিষয়টি জরুরি ভিত্তিতে অবহিত করে পত্রের নির্দেশনা অনুযায়ী স্বীয় দপ্তরসহ অধীনস্থ দপ্তরের অগ্রিম আপত্তি নিষ্পত্তির জন্য ত্রিপক্ষীয় সভার কার্যপত্র সংগ্রহ করে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।
৭। উপ-পরিচালক, মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ, ঢাকা/ চট্টগ্রাম/খুলনা ।
৮। জেলা মৎস্য কর্মকর্তা (সকল),-------------------------। পত্রের নির্দেশনা অনুযায়ী স্বীয় দপ্তরসহ অধীনস্থ দপ্তরের ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র সংগ্রহ করে স্ব-স্ব উপ-পরিচালকের মাধ্যমে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।
৯। প্রকল্প পরিচালক/ প্রকল্প সমন্বয়কারী পরিচালক/ কর্মসূচী সমন্বয়কারী পরিচালক, ---------------------------------------------------------- ।
১০। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, রায়পুর, লক্ষ্মীপুর ।
১১। অধ্যক্ষ, মৎস্য প্রশিক্ষণ ও সম্প্রসারণ কেন্দ্র, ফরিদপুর ।
১২। আঞ্চলিক মৎস্য কর্মকর্তা, কক্সবাজার/ কালীগঞ্জ, সাতক্ষীরা। স্বীয় দপ্তরসহ অধীনস্থ দপ্তর সমূহকে বিষয়টি জরুরি ভিত্তিতে অবহিত করে পত্রের নির্দেশনা অনুযায়ী স্বীয় দপ্তরসহ অধীনস্থ দপ্তরের ত্রিপক্ষীয় সভার কার্যপত্র সংগ্রহ করে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।
১৩। সহকারী পরিচালক, সেবা ও সরবরাহ শাখা/ ক্যাশ শাখা/ হিসাব শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা । মৎস্য অধিদপ্তরের প্রধান কার্যালয়ের ও সমাপ্ত প্রকল্পসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে উপযুক্ত প্রমাণকপত্র অডিট শাখা, মৎস্য ভবন, ঢাকাকে সরবরাহ করে কার্যপত্র প্রস্তুতিতে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১৪। সহকারী পরিচালক (রিজার্ভ) আইটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা । পত্রটি মৎস্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৫। অডিট কর্মকর্তা, অডিট শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা। মৎস্য অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং সমাপ্ত প্রকল্পসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তির কার্যপত্র প্রস্তুতপূর্বক উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জন্য অনুরোধ করা হলো ।

পত্র নং : ৩৩.০২.০০০০.১১০.৪৬.০০৯.০৭(২য় খন্ড)/ তারিখঃ- /০৩/২০০৭ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
দৃষ্টি আকর্ষণ: সহকারী সচিব, প্রশাসন-৪, শাখা
২। মহাপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (৮ম ও ৯ম তলা)/ বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (৭ম তলা)/ সিভিল অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (৪র্থ ও ৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা (অগ্রিম অনুচ্ছেদ বাছাইয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদানের নির্দেশনা জারির অনুরোধসহ)।

(পরিমল চন্দ্র দাস)
উপপরিচালক (প্রশাসন)
ফোন নং- ০২-৯৫৬৯৩৫৫
ই-মেইল- ddadmin@fisheries.gov.bd